হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট

১২০/৩ দারুস-সালাম, মিরপুর, ঢাকা

ফ্যাক্স: ৯০৩৫০৫৭, www.hbri.gov.bd

স্মারক নং- ২৫.৪৪.২৬০০.০০০.০৬.০৮৮.১৩- ৩৩৫/১ তারিখঃ ২১-১১-২০১৯

**বিষয় : প্রতিষ্ঠানের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী**

সভাপতি : মোহাম্মদ শামীম আখতার
মহাপরিচালক, হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট

সভার তারিখ : ১১ নভেম্বর ২০১৯

সভার সময় : বিকাল ৩:০০ টা

সভার স্থান : সভাকক্ষ

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১. | প্রতিষ্ঠানের বিভিন্ন অনিস্পন্ন বিষয় | প্রশাসনিক মন্ত্রণালয়ের সাথে প্রতিষ্ঠানের বিভিন্ন অনিস্পন্ন বিষয়াদি নিস্পত্তিকরন সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। এ বিষয়ে প্রজেক্ট অফিসার জানান, প্রশাসনিক মন্ত্রণালয়ের সাথে চলমান অনিস্পন্ন বিষয়সমূহ নিস্পত্তিকরন করা হয়েছে এবং নতুন অনিস্পন্ন বিষয়সমূহ নিস্পত্তিকরনের কার্যক্রম অব্যাহত রয়েছে। | প্রতিষ্ঠানের অনিস্পন্ন বিষয়সমূহ যেমন প্রতিষ্ঠানের স্থাবর সম্পত্তির গেজেট প্রকাশ, মামলা এবং অডিট আপত্তিসমূহ নিস্পত্তিকরণ কার্যক্রম দুততার সাথে অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>বাস্তবায়নেঃ প্রজেক্ট অফিসার। |
| ২. | প্রতিষ্ঠানের স্থাবর সম্পত্তির গেজেট প্রকাশ। | সভায় প্রতিষ্ঠানের স্থাবর সম্পত্তির গেজেট প্রকাশ বিষয়ে আলোচনা করা হয়। এ বিষয়ে প্রতিষ্ঠানের নিয়োগপ্রাপ্ত এ্যাডভোকেট এর সাথে পরামর্শের আলোকে এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় হতে প্রাপ্ত পত্রের প্রেক্ষিতে প্রশাসনিক মন্ত্রণালয়ের আইন কর্মকর্তার সাথে আলোচনা করে কার্যক্রম গ্রহণ বিষয়ে সভায় আলোচনা করা হয়। | প্রতিষ্ঠানের স্থাবর সম্পত্তির গেজেট প্রকাশ বিষয়ে প্রতিষ্ঠানের নিয়োগপ্রাপ্ত এ্যাডভোকেট এর সাথে পরামর্শের আলোকে এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর পত্রের প্রেক্ষিতে প্রশাসনিক মন্ত্রণালয়ের আইন কর্মকর্তার সাথে আলোচনা করতে হবে।<br>বাস্তবায়নেঃ প্রিন্সিপাল রিসার্চ অফিসার, প্রজেক্ট অফিসার। |
| ৩. | মামলা সংক্রান্ত | প্রতিষ্ঠানের মামলাসমূহ নিস্পত্তিকরণ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। প্রতিষ্ঠানের চলমান ৪টি মামলা যথা- প্রতিষ্ঠানের সরকারি জমিতে অবস্থিত বস্তি ও অবৈধ স্থাপনা, মার্কেট, দারুস-সালাম হাউজিং সোসাইটির ২টি মামলা নিস্পত্তিকরণের কার্যকর ব্যবস্থা গ্রহণ বিষয়ে মহাপরিচালক মহোদয় এ কাজে সংশ্লিষ্টগণকে যথাযথ নির্দেশনা প্রদান করেন। | প্রতিষ্ঠানের চলমান ৪টি মামলা দ্রুত নিস্পত্তির কার্যকর ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>বাস্তবায়নেঃ প্রজেক্ট অফিসার। |
| ৪. | অডিট আপত্তি | প্রতিষ্ঠানের অডিট আপত্তিসমূহ নিস্পত্তিকরণের বিষয়ে আলোচনায় এ-কাজে সংশ্লিষ্ট কর্মকর্তা জানান, ২০৪ টি অডিট আপত্তির মধ্যে এ পর্যন্ত ২৪ টি অডিট আপত্তির জবাব পেশ করা হয়েছে। বাকী অডিট আপত্তিসমূহের জবাব এবং অডিটি আপত্তি সংক্রান্ত পূর্ণাঙ্গ প্রতিবেদন অচিরেই মহাপরিচালক বরাবর উপস্থাপন করার নির্দেশনা দেয়া হয়। এ লক্ষ্যে প্রতিষ্ঠানের লাইব্রেরীয়ানকে সদস্য-সচিব করে পাঁচ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। | প্রতিষ্ঠানের অডিট আপত্তিসমূহ নিস্পত্তিকরণের লক্ষ্যে অডিট আপত্তিসমূহের জবাব তৈরী এবং অডিট আপত্তি সংক্রান্ত পূর্ণাঙ্গ প্রতিবেদন পেশ করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ লক্ষ্যে প্রতিষ্ঠানের লাইব্রেরীয়ানকে সদস্য-সচিব করে পাঁচ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। কমিটির সদস্যগণ অচিরেই অডিট আপত্তিসমূহ নিস্পত্তিকরন সংক্রান্ত প্রতিবেদন মহাপরিচালক বরাবর উপস্থাপন করবেন।<br>বাস্তবায়নেঃ অডিট আপত্তিসমূহ নিস্পত্তিকরন সংক্রান্ত গঠিত কমিটি। |
| ৫. | ই-নথি | প্রতিষ্ঠানের কার্যক্রম ও সেবাসমূহকে ই-নথিতে রুপান্তরের চলমান কার্যক্রমের অগ্রগতি বিষয়ে সভায় আলোচনা করা হয়। এ বিষয়ে প্রত্যেক মাসে প্রশাসনিক মন্ত্রণালয়ের অন্যান্য দপ্তর/ সংস্থার ই-নথি কার্যক্রমের তুলনামূলক চিত্র পর্যবেক্ষণ এবং তা সভায় অবহিতকরণ বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করা হয়। | প্রতিষ্ঠানের ই-নথি কার্যক্রম বিষয়ে প্রত্যেক মাসে প্রশাসনিক মন্ত্রণালয়ের অন্যান্য দপ্তর/ সংস্থার ই-নথি কার্যক্রমের তুলনামূলক চিত্র পর্যবেক্ষণ এবং তা সভায় অবহিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>বাস্তবায়নেঃ রাবেয়া খায়ের নিথী, রিসার্চ অফিসার। |

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ৬. | প্রতিষ্ঠানের এডিপি অন্তর্ভূক্ত প্রকল্প কার্যক্রম | প্রতিষ্ঠানের এডিপি অন্তর্ভূক্ত প্রকল্প কার্যক্রম সমূহের অগ্রগতি বিষয়ে সভায় আলোচনা করা হয়। প্রতিষ্ঠানের চলমান সুইব প্রকল্পের কার্যক্রমের সাইনবোর্ড স্থাপন এবং সুইব প্রকল্পের অফিস কক্ষের সম্মুখে ছোট আকারের সাইনবোর্ড স্থাপনের বিষয়ে আলোচনা করা হয়। এ কাজের নকশা প্রণয়নে হাউজিং ডিভিশন এর আর্কিটেক্টগণ সহযোগিতা প্রদান করবেন। | প্রতিষ্ঠানের চলমান সুইব প্রকল্পের কার্যক্রমের সাইনবোর্ড স্থাপন এবং সুইব প্রকল্পের অফিস কক্ষের সম্মুখে ছোট আকারের সাইনবোর্ড স্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এ কাজের নকশা প্রণয়নে হাউজিং ডিভিশন এর আর্কিটেক্টগণ সহযোগিতা প্রদান করবেন।<br>বাস্তবায়নেঃ জনাব মোঃ আরিফুজ্জামান, এসআরই, প্রতিষ্ঠানের হাউজিং ডিভিশন এর আর্কিটেক্টগণ । |
| ৭. | প্রচার প্রসার বৃদ্ধির উদ্যোগ | প্রতিষ্ঠানের উদ্ভাবিত নির্মাণ উপকরণ ও প্রযুক্তি সমূহের প্রচার প্রসার বিষয়ে পিআরও সভায় জানান, প্রচার প্রসার কার্যক্রম চলমান রয়েছে। গত ২ মাসে এ লক্ষ্যে ৪টি প্রদর্শণীতে অংশগ্রহণ করা হয়েছে। | প্রতিষ্ঠানের উদ্ভাবিত নির্মাণ উপকরণ ও প্রযুক্তি সমূহের প্রচার প্রসার কার্যক্রম চলমান রয়েছে।<br>বাস্তবায়নেঃ প্রিন্সিপাল রিসার্চ অফিসার |
| ৮. | প্রতিষ্ঠানের ওয়েব পোর্টাল হালনাগাদকরণ | প্রতিষ্ঠানের ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদকরণ এবং প্রতিষ্ঠানের কার্যক্রমসমূহ আপলোড নিশ্চিতকরণ বিষয়ে সভায় আলোচনা করা হয়। এ কাজে প্রতিষ্ঠানের এপিএ কমিটি এবং ইনোভেশন কমিটির সকলে সচেষ্ট থাকবেন মর্মে সভায় মহাপরিচালক মহোদয় নির্দেশনা প্রদান করেন। | প্রতিষ্ঠানের ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদকরণ এবং প্রতিষ্ঠানের কার্যক্রমসমূহ আপলোড নিশ্চিতকরণ কাজে প্রতিষ্ঠানের এপিএ কমিটি এবং ইনোভেশন কমিটির সকলে সচেষ্ট থাকবেন। জনাব রাবেয়া খায়ের নিথী, রিসার্চ অফিসার বিষয়টি মনিটরিং করবেন।<br>বাস্তবায়নেঃ এপিএ কমিটি এবং ইনোভেশন কমিটি। |
| ৯. | প্রতিষ্ঠানের শুদ্ধাচার, এপিএ, ইনোভেশন | প্রতিষ্ঠানের শুদ্ধাচার, এপিএ, ইনোভেশন এই ৩টি কার্যক্রমের যথাযথ মনিটরিং বিষয়ে সভায় আলোচনা করা হয়। প্রতি মাসের প্রথম সপ্তাহের সোমবার এ ৩টি কার্যক্রমের অগ্রগতি বিষয়ে সভা আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। | প্রতিষ্ঠানের শুদ্ধাচার, এপিএ, ইনোভেশন এই ৩টি কার্যক্রমের যথাযথ মনিটরিং বিষয়ে সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয়। প্রতি মাসের প্রথম সপ্তাহের সোমবার এ ৩টি কার্যক্রমের অগ্রগতি বিষয়ে সভা আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।<br>বাস্তবায়নেঃ প্রজেক্ট অফিসার। |
| ১০. | ই-টেন্ডারিং | সভায় প্রতিষ্ঠানের ই-টেন্ডারিং কার্যক্রম সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। এ কার্যক্রমের সাথে সংশ্লিষ্টগণ, রিসার্চ এসোসিয়েটগণ এবং বিল্ডিং মেটোরিয়ালস ডিভিশনের কয়েকজন কর্মকর্তাসহ প্রশিক্ষণার্থীর তালিকা প্রণয়ন করে নভেম্বর মাসেই এ কার্যক্রম সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | সভায় প্রতিষ্ঠানের ই-টেন্ডারিং কার্যক্রমের সাথে সংশ্লিষ্টগণ, রিসার্চ এসোসিয়েটগণ এবং বিল্ডিং মেটোরিয়ালস ডিভিশনের কয়েকজন কর্মকর্তাসহ প্রশিক্ষণার্থীর তালিকা প্রণয়ন করে নভেম্বর মাসেই এ কার্যক্রম সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।<br>বাস্তবায়নেঃ প্রজেক্ট অফিসার। |

সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২২/১১/১৯

(মোহাম্মদ শামীম আখতার)
মহাপরিচালক
হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট
দারুস-সালাম, মিরপুর, ঢাকা-১২১৬
ফোনঃ ৯০৩৫২২২

অনুলিপি, ব্যবস্থা গ্রহণের জন্য-

১. পিআরও, এইচবিআরআই, দারুস-সালাম, মিরপুর, ঢাকা।
২. পিও, এইচবিআরআই, দারুস-সালাম, মিরপুর, ঢাকা।
৩. বিভাগ/শাখা প্রধান-----------------------------------, এইচবিআরআই, দারুস-সালাম, মিরপুর, ঢাকা।
৪. সংশিষ্ট নথি।